

# **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭

১. মুকাদ্দিমাহ (المقدمة)

পরিচ্ছেদঃ ৩য় ভাগ

فَصْلُ

### আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ بِبُسْتَ وَمُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى تَقِيفٍ بِنِيسَابُورَ قَالَا: حَدَّتَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّتَنَا خَلَفُ بْنُ خَلِيفَةَ عَنِ الْعَلَاءِ بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ: قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الْمُسَيَّبِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ: قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَتَدْخُلُنَّ الْجَنَّةَ كُلُّكُمْ إِلَّا مَنْ أَبَى وَشَرَدَ عَلَى اللَّهِ كَشِرَادِ الْبَعِيرِ) قَالُوا: يَا رَسُولُ اللَّهِ وَمَنْ يَأْبَى أَنْ يَدْخُلُ الْجَنَّةَ ؟ قَالَ: (مَنْ أَلَى اللَّهِ وَمَنْ يَأْبَى أَنْ يَدْخُلُ الْجَنَّةَ ؟ قَالَ: (مَنْ أَطَاعَنِي دَخَلَ الجنة ومن عصاني فقد أبى)

[تعليق الشيخ الألباني]

صحيح \_ (الصحيحة) (2044)

الحديث: 17 ¦ الجزء: 1 ¦ الصفحة: 153

#### বাংলা

১৭. আবৃ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ যে মহান সন্তার হাতে আমার প্রাণ, তাঁর শপথ! তোমাদের সকলেই জান্নাতে প্রবেশ করবে, কেবল সেই ব্যক্তি ব্যতীত যে অস্বীকার করে ও আল্লাহর আনুগত্য থেকে বের হয়ে যায়, যেমন উট বের হয়ে যায়।" তারা বললেন, জান্নাতে প্রবেশ করতে অস্বীকার করে কোন্ ব্যক্তি, ইয়া রাসূলুল্লাহ! তিনি বললেন: যে আমার আনুগত্য করবে, সে জান্নাতে প্রবেশ করবে, আর যে আমার অবাধ্য হবে, সেই হলো অস্বীকারকারী।"[1]



قَالَ أَبُو حَاتِمٍ: طَاعَةُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هِيَ الِانْقِيَادُ لِسُنَّتِهِ بِتَرْكِ الْكَيْفِيَّةِ وَالْكَمِّيَّةِ فِيهَا مَعَ رَفْضِ قَالَ أَبُو حَاتِمٍ: طَاعَةُ رَسُولِ اللَّهِ جَلَّ وعلا بخلاف سنته الإحْتِيَالِ فِي دَفْعِ السُّنَنِ بِالتَّأْوِيلَاتِ الْمُضْمَحِلَّةِ قَوْلِ كُلِّ مَنْ قَالَ شَيْئًا فِي دِينِ اللَّهِ جَلَّ وعلا بخلاف سنته الإحْتِيَالِ فِي دَفْعِ السُّنَنِ بِالتَّأْوِيلَاتِ الْمُضْمَحِلَّةِ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّاتُ الداحضة وَالْمُخْتَرَعَاتِ الداحضة

আবৃ হাতিম (ইবনু হিব্বান) বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আনুগত্য হলো তাঁর সুন্নাতের ধরণ-প্রকৃতি এবং আকার-আকৃতি (মাপা-জোখা) নির্ণয় ব্যতিরেকেই তাঁর সুন্নাতের কাছে আত্মসমর্পণ করা। তার সাথে যারা সুন্নাতের বিপরীতে গোপন অপব্যাখ্যা এবং বাতিল নব-আবিস্কৃত বিষয়ের দ্বারা তাঁর সুন্নাতকে প্রতিহত করার জন্য আল্লাহর দীনের কোন বিষয়ে প্রতারনাপূর্ণ মতামত প্রকাশ করবে, এমন লোকদেরকে বর্জন করা।

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَنَاهِيَ عَنِ الْمُصِّطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْأَوَامِرَ فَرْضٌ عَلَى حَسَبِ الطَّاقَةِ عَلَى أُمَّتِهِ لَا يَعْدُهُمُ التَّخَلُّفُ عَنْهَا

নাবী মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিষেধাজ্ঞা ও আদিষ্ট বিষয়সমূহ তাঁর উম্মাতের উপরে তাদের সাধ্য অনুসারে পালন করা ফরয- এ থেকে বিরত থাকার কোন অবকাশ নেই।

## **English**

#### Abū Sa'īd al-Khudrī

The Messenger of Allah said, "By the One in Whose hand is my soul, all of you will enter Paradise except those who refuse and turn away from Allah like the stubborn camel." They asked, "O Messenger of Allah, who would refuse to enter Paradise?" He replied, "Whoever obeys me will enter Paradise, and whoever disobeys me has refused."

## ফুটনোট

[1] আলবানী: সহীহ

আরনাউত্ব: রাবীগণ সকলেই সিকাহ।

তাখরীজ: মাজমা ১০/৭০; তাবারাণী, আওসাত। এর শাহিদ রয়েছে আবূ হুরাইরা হতে, আহমাদ ২/৩৬১; বুখারী ৭২৮০; হাকিম ১/৫৫।

আবূ উমামাহ বাহিলী হতে আহমাদ ৫/২৫৮; হাকিম ১/৫৫; মাজমা ১০/৭০-৭১। সনদ জাইয়্যেদ (উত্তম)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন